

অতীব জরুরী
নির্বাচন অধাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬(অংশ-৩)- ৪৯৮

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
১১ মে, ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ মাগুরা জেলার সদর উপজেলার ১২নং কুচিয়ামোড়া ইউনিয়নের নির্বাচন প্রসংগে।


সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর কার্যালয়ের স্মারক নং-৩৭৪, তারিখঃ ২৬/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয় হতে ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০১৬ ২য় পর্যায়ে ৬৮৪টি ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষে নির্বাচনী তফসীল ঘোষণা করা হয়। তন্মধ্যে মাগুরা সদর উপজেলায় ১৩টি ইউনিয়ন অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু বিধি মোতাবেক কুচিয়ামোড়া ইউনিয়নের নির্বাচনের তারিখ থেকে ০৫ বছর পূর্ণ না হওয়ায় নির্বাচনের উদ্দেশ্যে ঘোষিত সময়সূচী বাতিল করা হয়। উক্ত ইউনিয়নে গত ২৬/১০/২০১১ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হয়। সে মোতাবেক ২৫/১০/২০১৬ তারিখ ০৫ বছর পূর্ণ হবে। বিবেচ্যপত্রে নিম্নরূপভাবে উক্ত ইউনিয়ন পরিষদের নির্বাচনী তথ্য প্রদান করা হয়েছেঃ

ক্রমিক	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	নির্বাচনের তারিখ	শপথ গ্রহণের তারিখ	প্রথম সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১.	মাগুরা	মাগুরা সদর	কুচিয়ামোড়া	২৬/১০/২০১১	২০/১২/২০১১	২৯/১২/২০১১	

০২। এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা এর পত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে-বাংলানগর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, মাগুরা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।